গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.dss.gov.bd

'শেখ হাসিনার
দিনবদলে, সমাজসেবা
এগিয়ে চলে'

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪৭.১৮.২১৯

তারিখ: ২১ আশ্বিন ১৪২৬
০৬ অক্টোবর ২০১৯

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ রাশেল হোসেন, ম্যাসেঞ্জার(সাময়িক বরখাস্ত), হাসপাতাল সমাজসেবা কার্যালয়, রাজশাহী এর বিরুদ্ধে সমাজসেবা অধিদফতরের উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তাকে কোন পদোন্নতি প্রদান করা না হলেও উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর জাল ও ভূয়া স্মারক (স্মারক নং সসেঅদ/প্রশাসন-২/ন-১২৩৬/১৩৯(১৯৮)/ ২০১০ তারিখ ০৭/০১/২০১০) ব্যবহার করে 'অফিস সহকারী যুক্ত কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে পদোন্নতি লাভ করা, উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর জাল ও ভূয়া স্মারক (স্মারক নং সসেঅদ/শা-প্রশা-২/ন-১১৩৮/১২৪৫(১৫)/১০ তারিখ ২৮/০৪/২০১০) ব্যবহার করে নিজের নাম মোঃ রাশেল হোসেন এর স্থলে মোঃ রাশেদুল হোসেন হিসেবে প্রতিস্থাপন করা, উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর জাল ও ভূয়া স্মারক (স্মারক নং ৪১.০১.০০০০.০০৯.১৯. ২৫৪.০৯.২০০৫ তারিখ ২৬/১২/২০১৭) ব্যবহার করে হাসপাতাল সমাজসেবা কার্যালয়, রাজশাহী হতে উপজেলা সমাজসেবা কার্যালয়, লালপুর, নাটোরে সংযুক্ত আদেশ তৈরী করার অভিযোগে তাকে অধিদফতরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪৭.১৮.৯৫ তারিখ ০৩/০৪/২০১৮যোগে সাময়িক বরখাস্ত করা হয় এবং একই অভিযোগে তার বিরুদ্ধে অধিদফতরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪৭.১৮.১১৬ তারিখ ১৫/০৪/২০১৮যোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ দায়ে বিভাগীয় মামলা (মামলা নং ১৪/২০১৮ তারিখ ১৫/০৪/২০১৮) দায়ের করা হয়;

যেহেতু, জনাব মোঃ রাশেল হোসেন বিভাগীয় মামলার জবাব প্রদান না করায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোঃ হাবিবুর রহমান, উপপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে জনাব মোঃ রাশেল হোসেন কর্তৃক উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর জাল ও ভুয়া স্মারক ব্যবহার করে 'অফিস সহকারী যুক্ত কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে পদোন্নতি লাভ করা, নিজের নাম মোঃ রাশেল হোসেন এর স্থলে মোঃ রাশেদুল হোসেন হিসাবে প্রতিস্থাপন করা এবং হাসপাতাল সমাজসেবা কার্যালয়, রাজশাহী হতে উপজেলা সমাজসেবা কার্যালয়, লালপুর, নাটোর সংযুক্ত আদেশ তৈরী করার তিনটি অভিযোগই সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ রাশেল হোসেন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও দুর্নীতি পরায়ণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) ধারা মোতাবেক সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal) করা সমীচীন হবে এবং এলক্ষ্যে তাকে ২য় কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্ত মোতাবেক তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তিনি ২য় কারণ দর্শানোর জবাব প্রেরণ করেছেন। জবাবে তিনি তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ অস্বীকার করে যে বক্তব্য প্রদান করেছেন তা সমাজসেবা অধিদফতরের নিকট গ্রহণযোগ্য হয়নি;

সেহেতু, জনাব মোঃ রাশেল হোসেন, ম্যাসেঞ্জার(সাময়িক বরখাস্ত), হাসপাতাল সমাজসেবা কার্যালয়, রাজশাহী এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানোর জবাব ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও দুর্নীতি পরায়ণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) ধারা মোতাবেক সরকারি চাকরি হতে বরখাস্ত(Dismissal) করা হলো। একই সাথে তিনি ম্যাসেঞ্জার(অফিস সহায়ক) হতে জালিয়াতির মাধ্যমে অফিস সহকারী যুক্ত কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে পদোন্নতি গ্রহণ পূর্বক তার প্রাপ্য বেতনভাতাদির অতিরিক্ত যত টাকা বেতন ভাতাদি হিসেবে গ্রহণ করে আত্মসাৎ করেছেন তার তথ্য সংশ্লিষ্ট কার্যালয় হতে সংগ্রহ পূর্বক সরকারি অর্থ আত্মসাতের দায়ে তার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়েরের জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহীকে নির্দেশ দেয়া হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর

৬-১০-২০১৯

মোঃ জুলফিকার হায়দার

পরিচালক

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪৭.১৮.২১৯/১

তারিখ: ২১ আশ্বিন ১৪২৬

০৬ অক্টোবর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

২) পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৩) পরিচালক, প্রতিষ্ঠান অধিশাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৪) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, রাজশাহী।

৫) উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী। তাঁকে নির্দেশনা মোতাবেক জনাব মোঃ রাশেল হোসেন এর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়েরের জন্য অনুরোধ করা হলো।

৭) বিভাগীয় হিসাবরক্ষণ অফিসার, রাজশাহী।

৮) সহকারী পরিচালক, অর্থ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৯) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা (নন-গেজেটেড), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

১০) সমাজসেবা অফিসার, হাসপাতাল সমাজসেবা কার্যালয়, রাজশাহী।

১১) জনাব মোঃ রাশেল হোসেন, ম্যাসেঞ্জার (বরখাস্তকৃত), হাসপাতাল সমাজসেবা কার্যালয়, রাজশাহী।



৬-১০-২০১৯

মোঃ সাফায়েত হোসেন তালুকদার

উপপরিচালক